

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর : ১/কনি-১ম খন্ড/-III

তারিখ : ০৭.০৪.২০১৭

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী।

প্রাপক : অধ্যক্ষ

**বিষয় : ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন নিশ্চিত করন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে আপনার কলেজের সকল ভর্তিকৃত শিক্ষার্থীর নিবন্ধন প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন হয়েছে কি না তা নিশ্চিত করার জন্য আপনাকে বিশেষভাবে নির্দেশ দেয়া হ'ল। যদি কোন শিক্ষার্থীর নিবন্ধন অনলাইনে না হয়ে থাকে তবে আগামী ২৫/০৪/২০১৭ ইং তারিখের মধ্যে অধ্যক্ষের মাধ্যমে আবেদন করা সহ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিবন্ধন জটিলতা নিরসনের জন্য নিম্নবর্ণিত চাহিদা সমূহ কলেজ নিবন্ধন শাখায় জমা প্রদান করতে হবে।

১. সকল ভর্তিকৃত শিক্ষার্থীর নিবন্ধন অনলাইনে সম্পন্ন হয়েছে মর্মে একটি প্রত্যয়নপত্র নির্ধারিত তারিখের মধ্যে দাখিল করতে হবে।

২. হার্ড কপিতে সকল শিক্ষার্থীর স্বাক্ষর, ছবি, বিষয়কোড, শিক্ষার্থীর নিজ, পিতা ও মাতার নাম, এস. এস. সি রোল, পাশের সাল, বোর্ডের নাম সঠিক আছে কিনা নিশ্চিত করে ১ কপি হার্ড কপির সত্যায়িত ফটোকপি শাখায় জমা দিতে হবে।

৩. যে সকল শিক্ষার্থী উনুজ বিশ্ববিদ্যালয় ও কারিগরী শিক্ষা বোর্ড হতে পাশ করে আপনার প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে, তাদের টটলিষ্ট ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি আবেদনের মাধ্যমে শাখায় জমা দিতে হবে।

৪. ইংরেজি ভার্সন বিশ্ববিদ্যালয় হতে আগত শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট ঢাকা শিক্ষা বোর্ড হতে মান যাচাই করে ট্রান্সক্রিপ্ট এর একটি সত্যায়িত ফটোকপি ও ভর্তির টটলিষ্ট আবেদনসহ শাখায় জমা দিতে হবে।

৫. টি সি- এর মাধ্যমে কোন শিক্ষার্থী আপনার প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে তারও অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হয়েছে কিনা তার একটি হার্ড কপি, টিসির সকল অনুমতিপত্র আবেদনসহ শাখায় জমা দিতে হবে।

নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে এবং নিবন্ধন সংক্রান্ত বিষয়ে কোন জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন।

বিষয়টি অতীব জরুরী

(প্রফেসর মোঃ আকবর হোসেন)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী।

টেলিফোন-০৭২১-৭৭৫৯৬৩

স্মারক নম্বর : ১/কনি-১ম খন্ড/

তারিখ :

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল:

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার কেন্দ্র, শিক্ষা বোর্ড রাজশাহী।

২। পি.এস.টু চেয়ারম্যান, শিক্ষা বোর্ড রাজশাহী।

৩। অফিস কপি

(মোঃ নূরুজ্জামান)

উপ-কলেজ পরিদর্শক (চ:দা:)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

টেলিফোন-০৭২১-৭৭৫৯৪২

০৭/০৪/১৭